

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
শাখা-৬ (ভোকেশনাল-২)  
www.techedu.gov.bd

স্মারক নং ৫৭.০৩.০০০০.০২৩.২০.০০১.২৬. ৭৯২ (১৬৬)

তারিখ: ২৪ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ  
২৮ জুন, ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: ২০২৬-২৭ অর্থ বছরে বাজেট বরাদ্দ প্রদানের নিমিত্ত তথ্যাদি প্রেরণ প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৬-২৭ অর্থ বছরে বাজেট বরাদ্দ প্রদানের নিমিত্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক জনবল ও সরঞ্জাম, ছাত্র-ছাত্রী পরিসংখ্যান, শ্রান্তি বিনোদন প্রাপ্য ও পি.আর.এল. এ গমনযোগ্য জনবলের তালিকা এবং অর্থনৈতিক কোড সম্বলিত বাজেট চাহিদার ফরম পূরণ করা প্রয়োজন। নির্ভুল ও সুযম বাজেট বরাদ্দ প্রদানের নিমিত্ত [www.techedu.gov.bd/](http://www.techedu.gov.bd/) স্ব-স্ব প্রতিষ্ঠানের e-mail এ দেয়া Soft Copy যথাযথভাবে পূরণপূর্বক এক সেট Soft Copy ই-মেইল: [advocddo@gmail.com](mailto:advocddo@gmail.com) তে এবং এক সেট হার্ড কপি আগামী ৩০/৬/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে আবশ্যিকভাবে কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

**শর্তাবলী:**

- ১। চাহিত বাজেট প্রয়োজনের অতিরিক্ত/ঘাটতির জন্য অধ্যক্ষ/আয়ন-ব্যয়ন কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।
- ২। সংযুক্ত ছকে জনবলের তথ্যের সহিত বেতন-ভাতাদির সমন্বয় থাকতে হবে। ছুটি নগদায়ন (অফিসার ও কর্মচারী) এবং শ্রান্তি ও বিনোদন ভাতা প্রাপ্য জনবলের যাচিত তালিকা তৈরী করে বাজেট চাহিদা প্রণয়ন করতে হবে।
- ৩। প্রতিষ্ঠানের বিদ্যুৎ, পানি, টেলিফোন, পৌর কর ও ভূমি কর পরিশোধের হালনাগাদ চাহিদা প্রেরণ করতে হবে এবং বকেয়া থাকলে তা অর্থ বছর ও পরিমাণ মন্তব্য কলামে উল্লেখ করতে হবে।

**সংযুক্তি:**

- ক) জনবল ও অফিস সরঞ্জামাদির তথ্য ছক;
- খ) সংশ্লিষ্ট উপখাত সম্বলিত বাজেট চাহিদার বিবরণী ছক;
- গ) কর্মকর্তা ও কর্মচারীগণের বেতন-ভাতাদির বিবরণী ছক;
- ঘ) ছাত্র-ছাত্রী পরিসংখ্যান সংক্রান্ত তথ্য ছক;
- ঙ) শিল্প কারখানায় প্রশিক্ষণপ্রাপ্ত ছাত্র-ছাত্রীদের তথ্য ছক;
- চ) শ্রান্তি বিনোদন ভাতা প্রাপ্তির তথ্য ছক ও পি.আর.এল গমন সংক্রান্ত তথ্য ছক এবং
- ছ) মালামাল/যন্ত্রপাতি ক্রয়ের ছক।

  
২৪/৬/২০২৬

(নাসরীন সুলতানা)

সহকারী পরিচালক

ফোনঃ ০২-৫৮১৫৭৪৬৮

ই-মেইলঃ [advocddo@gmail.com](mailto:advocddo@gmail.com)

**বিতরণঃ**

- ০১। অধ্যক্ষ, ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া।
- ০২-১৬১। অধ্যক্ষ, সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ (সকল)।
- ১৬২। ইকুইপমেন্ট অফিসার, সেন্ট্রাল স্টোর কাম-সার্ভিস ওয়ার্কশপ, পাঠানটুলী, নারায়নগঞ্জ।
- ১৬৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা। তাঁকে অত্র পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে ও প্রতিষ্ঠানের ই-মেইলে দেয়ার জন্য অনুরোধ করা হলো।
- ১৬৪। মহাপরিচালকের একান্ত সচিব, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা [ মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য ]।
- ১৬৫। হিসাব শাখা, পরিচালক (ভোকেশনাল) এর দপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ১৬৬। অফিস কপি।